

প্রেস বিজ্ঞপ্তি

**সিডনীস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল-এ শেখ রাসেল দিবস ২০২১ উদযাপন**

সিডনী, ১৮ অক্টোবর ২০২১

সিডনীস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের আজ যথাযোগ্য মর্যাদায় শেখ রাসেল দিবস ২০২১ ও শেখ রাসেল এর জন্মবার্ষিকী উদযাপিত হয়েছে। আজ সন্ধ্যায় সিডনীস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল -এ দিবসটি উপলক্ষে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সিডনীতে বসবাসকারী বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, এবং ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি ও কনস্যুলেটের কর্মকর্তা-কর্মচারিগণ করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠানে অংশ নেন। এ বছরই প্রথম বারের মত পালিত হওয়া এ দিবসটির এবারের প্রতিপাদ্য ছিল ‘শেখ রাসেল- দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস’।

এই দিবসটি উদযাপন উপলক্ষে সন্ধ্যায় আয়োজিত অনুষ্ঠানের অনুষ্ঠানসূচির মধ্যে ছিলো পবিত্র ধর্মগ্রন্থসমূহ থেকে পাঠ, শেখ রাসেলসহ জাতির পিতার পরিবারের অন্যান্য শহিদ সদস্যের বিদেহী আত্মার প্রতি মাগফেরাত ও বাংলাদেশের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে মোনাজাত, দিবসটি উপলক্ষে প্রেরিত মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী’র বাণী পাঠ, প্রামাণ্য চিত্র প্রদর্শন এবং আলোচনা অনুষ্ঠান।

আলোচনা পর্বে তার বক্তব্যে কনসাল জেনারেল খন্দকার মাসুদুল আলম বাঙ্গালী জাতি এবং বাংলাদেশের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের চূড়ান্ত ত্যাগ স্বীকারের কথা শ্রদ্ধাভরে স্মরণ করেন। শিশু আইন ১৯৭৪ প্রনয়ন সহ শিশু অধিকার রক্ষায় বঙ্গবন্ধু এবং তাঁর সরকারের আন্তরিক প্রচেষ্টার কথা উল্লেখ করে তিনি বলেন, যে বঙ্গবন্ধু বাংলাদেশের সব শিশুর অধিকার রক্ষায় আত্মনিয়োগ করেছিলেন, তাঁরই শিশু-সন্তান শেখ রাসেলকে তাঁর জীবনের অধিকার থেকে বঞ্চিত করার ঘটনা বাংলাদেশের ইতিহাসের এক কলঙ্কজনক ও চরম বিয়োগাত্মক অধ্যায়। বঙ্গবন্ধুর “কারাগারের রোজনাচা” থেকে অংশবিশেষ উদ্ধৃত করে তিনি শেখ রাসেল এবং তাঁর সঙ্গে বঙ্গবন্ধুর নিবিড় সম্পর্কের উপর আলোকপাত করেন। শেখ রাসেল দিবসে শিশু অধিকার রক্ষায় অঙ্গীকারবদ্ধ হওয়ার জন্য তিনি সকলকে আহ্বান জানান। বঙ্গবন্ধু, তাঁর শিশুপুত্র শেখ রাসেলসহ পরিবারের অন্যান্য সদস্যদের দণ্ডপ্রাপ্ত পলাতক খুনিদের দেশে ফিরিয়ে এনে দণ্ড কার্যকর করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের অব্যাহত প্রচেষ্টার কথাও তিনি পূর্ণবাক্ত করেন।

জন্মদিন উপলক্ষে কেক কাটার মাধ্যমে শেখ রাসেল দিবসের কর্মসূচী সমাপ্ত করা হয়।

মুজিববর্ষের কূটনীতি || প্রগতি ও সম্প্রীতি  
Mujib Year's Diplomacy || Friendship & Prosperity

Suite 2, Level 1, 189 Kent Street, Sydney, NSW 2000

T:+61-2-8326 9777 F:+61-2-8080 8174 Email: mission.sydney@mofa.gov.bd, Web: www.cgbdsydney.gov.bd

